

সর্বস্বত্ব সংরক্ষিত

আমাদের সময়ে

দ্বিতীয় সমাবর্তন আজ প্রস্তুত ডুয়েট

প্রকাশ | ২০ মার্চ ২০১৮, ০০:০০



ডুয়েট প্রতিনিধি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) দ্বিতীয় সমাবর্তন আজ মঙ্গলবার অনুষ্ঠিত হবে। এজন্য সার্বিক প্রস্তুতি সম্পন্ন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সমাবর্তনে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান। রাষ্ট্রপতি বিকাল ৩টায় অনুষ্ঠানে যোগ দেবেন বলে নিশ্চিত করেছে সংশ্লিষ্ট একাধিক সূত্র।

দ্বিতীয় সমাবর্তনে মোট ৩ হাজার ২৮৪ জন গ্র্যাজুয়েটকে ডিগ্রি প্রদান করা হবে। এর মধ্যে সাতটি ব্যাচ, তিনটি অনুষদ ও সাতটি বিভাগের অধীনে বিএসসি ইঞ্জিনিয়ারিং ও বি আর্ক. প্রোগ্রামে ডিগ্রি পাচ্ছেন ৩ হাজার ১৭৩ জন এবং পোস্ট গ্র্যাজুয়েট প্রোগ্রামে ১১১ জনকে ডিগ্রি দেওয়া হবে। এ ছাড়া পুরকৌশল বিভাগ থেকে একজনকে পিএইচডি ডিগ্রি প্রদান করা হবে। বিভিন্ন বিভাগের ৩৯ জন কৃতি গ্র্যাজুয়েট রাষ্ট্রপতির কাছ থেকে স্বর্ণপদক গ্রহণ করবেন।

সমাবর্তন উপলক্ষে প্রকাশ করা হবে বিশেষ স্মরণিকা; আয়োজন করা হবে শোভাযাত্রার। গতকাল সোমবারই শিক্ষার্থী, সিন্ডিকেট সদস্য ও একাডেমিক কাউন্সিলের সদস্যদের মাঝে গাউন এবং বিশেষ কুপন বিতরণ করা হয়েছে।

এ প্রসঙ্গে ডুয়েট উপাচার্য মুক্তিযোদ্ধা অধ্যাপক ড. মো. আলাউদ্দিন বলেন, এই সমাবর্তন সবার ঐকান্তিক প্রচেষ্টার এক অপূর্ব সমন্বয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭৮২১৩-১৮ ফ্যাক্স: ৮৮৭৮২২১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি